রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
কর্মী ব্যবস্থাপনা বিভাগ
ফোনঃ ০২৪৭-৮৬০৫০৬
ফ্যাক্সঃ ০২৪৭-৮৬০৫০৬
ই-মেইল-dgmpd@rakub.org.bd
ওয়েবসাইট- www.rakub.org.bd

সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।
সততার কোন বিকল্প নাই, দুর্নীতির সাথে আপোষ নাই।

সার্কুলার নং-প্রকা/কব্যবি-০৬/২০১৯ তারিখ : ১৭.০৭.২০১৯

বিষয়: পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে সাধারণ বোনাস (উৎসব বোনাস) প্রদান প্রসংগে।

অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/ব্যাংকিং-১(১৪)-৪/৮৭/৩০০(১৫), তারিখ ১০-০৭-১৯৮৮ মোতাবেক ১ জুলাই ১৯৮৮ হতে ২ (দুই) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সাধারণ বোনাস হিসাবে প্রদান করা যাবে।

০২। উক্ত বোনাস প্রদানে অনুসৃতব্য নীতিমালা নিম্নে উল্লেখ করা হলো :-

(১) ব্যাংকের সকল মুসলমান কর্মকর্তা-কর্মচারীগণ দু'টি ঈদের প্রাক্কালে উক্ত বোনাসের অর্থ দু'টি সমান কিস্তিতে এবং অন্যান্য ধর্মাবলম্বী কর্মকর্তা-কর্মচারীগণ তাদের নিজ নিজ ধর্মীয় প্রধান উৎসবের প্রাক্কালে উল্লিখিত সাধারণ বোনাস প্রাপ্য হবেন;

(২) অমুসলিম কর্মকর্তা-কর্মচারীদের এক কর্মস্থল হতে অন্য কর্মস্থলে বদলীর সময় সাধারণ বোনাস গ্রহণ সংক্রান্ত বিষয় তার এল,পি,সি-তে উল্লেখ করতে হবে;

(৩) চাকুরীর মেয়াদ নির্বিশেষে সাধারণ বোনাস প্রদানের তারিখে ব্যাংকে কর্মরত সকল নিয়মিত কর্মকর্তা-কর্মচারী (দৈনিক ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী ব্যতীত) উক্ত বোনাস প্রাপ্যতার জন্য যোগ্য বিবেচিত হবেন;

(৪) ঠিকা কাজ বা খন্ডকালীন (পার্ট টাইম) ভিত্তিতে নিয়োজিত কোন ব্যক্তি বোনাস পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না ;

(৫) যে সকল কর্মকর্তা-কর্মচারী চাকুরীচ্যুত (ডিসমিসড) বা চাকুরী হতে অপসারিত (টারমিনেটেড) হয়েছেন তাদেরকে বোনাস প্রদান করা যাবে না ;

(৬) সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মকর্তা-কর্মচারীগণ সাময়িকভাবে বরখাস্তের অব্যবহিত পূর্বে আহরিত মূল বেতনের যে অংশ খোরাকী ভাতা হিসেবে পাচ্ছেন তাদেরকে সে অংশের সমপরিমাণ অর্থ বোনাস হিসেবে প্রদান করা যাবে;

(৭) ব্যাংকে সার্বক্ষণিকভাবে নিয়োজিত ব্যবস্থাপনা পরিচালক এবং সরকার কর্তৃক সরাসরি নিয়োজিত অন্যান্য কর্মকর্তা যারা ব্যাংকের নিজস্ব চাকুরী বিধির আওতায় পড়েন না তারাও এ সাধারণ বোনাস প্রাপ্য হবেন;

(৮) এ ব্যাংকের কোন কর্মকর্তা-কর্মচারী যদি অন্য সংস্থায় প্রেষণে নিয়োজিত থাকেন তারাও এ সাধারণ বোনাস প্রাপ্য হবেন। তবে, এ খরচ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী যে সংস্থায় প্রেষণে নিয়োজিত আছেন সে সংস্থা বহন করবে;

(৯) কোন কর্মকর্তা-কর্মচারী যদি অধ্যয়ন/অসুস্থতা/অবসর উত্তর বা অন্য কোন কারণে পূর্ণ বেতনে বা অর্ধ বেতনে ছুটিতে থাকেন তবে, তিনি এরূপ ছুটিতে গমন করার অব্যবহিত পূর্বে আহরিত মূল বেতনের উপর ভিত্তি করে সাধারণ বোনাস প্রাপ্য হবেন;

(১০) কোন কর্মকর্তা-কর্মচারী যদি কোন কারণে বোনাস প্রদানের তারিখে বিনা বেতনে অসাধারণ ছুটিতে থাকেন, তবে তাকে সাধারণ বোনাস প্রদান করা যাবে না ;

(১১) কর্মী ব্যবস্থাপনা বিভাগের সার্কুলার নং-প্রকা/কব্যবি-০৫/২০০৮ তারিখ ১৭-০৯-২০০৮ অনুসরণে এ ব্যাংকের সকল অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী ও পারিবারিক পেনশনভোগীগণ মাসিক নীট পেনশনের সমপরিমাণ হারে বছরে দু'টি উৎসবভাতা প্রাপ্য হবেন । উক্ত উৎসবভাতা অবসর ভাতা প্রদানের ন্যায় সুপারয়্যানুয়েশন তহবিল হতে প্রধান কার্যালয়কে ডেবিট করে প্রদেয় হবে।

(১২) জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুচ্ছেদ নং-১৮ এর উপ-অনুচ্ছেদ-৩ এবং কর্মী ব্যবস্থাপনা বিভাগের সার্কুলার নং-প্রকা/কব্যবি-১০/২০১৫ তারিখ ২৪-১২-২০১৫ অনুসরণে ১০০% পেনশন সমর্পণকারীগণ, ১০০% পেনশন সমর্পণ না করলে যে পরিমাণ মাসিক নীট পেনশন প্রাপ্য হতেন উক্ত পরিমাণ, প্রতি অর্থবছরে দু'টি উৎসবভাতা হিসেবে প্রাপ্য হবেন। উক্ত উৎসবভাতা অবসর ভাতা প্রদানের ন্যায় সুপারয়্যানুয়েশন তহবিল হতে প্রধান কার্যালয়কে ডেবিট করে প্রদেয় হবে।

চলমান পৃষ্ঠা-০২

০৩। ব্যাংকের প্রধান হিসাব খাতের (Main Accounts Head) ১৩৩ খরচের হিসাব (133 Expense Account) এর আওতায় কর্মচারীদের বোনাস হিসাব (14 Bonus to Staff Accounts) ডেবিট করে সাধারণ বোনাস প্রদান করা হবে এবং কোন অবস্থাতেই এ খরচ প্রধান কার্যালয়ের হিসাবে ডেবিট করা যাবে না।

০৪। এ সাধারণ বোনাস প্রদানের জন্য আলাদা কোন ক্ষমতা প্রদানের প্রয়োজন হবে না। ব্যাংকের শাখা ও অফিসসমূহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীকে সার্কুলারের নির্দেশনা মোতাবেক সাধারণ বোনাস প্রদান করবে।

০৫। ব্যাংকের ঋণগ্রহীতাগণের ঋণ হিসাবের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে কর্মরত হিমাগার চৌকিদারকে ৪০০০/- টাকা এবং অন্যান্য গোডাউন চৌকিদারকে (যদি থাকে) ৩০০০/- টাকা সংশ্লিষ্ট ঋণগ্রহীতার ঋণ হিসাবে ডেবিট করে ঈদের প্রাক্কালে এ বোনাস প্রদান করা যাবে।

০৬। আগামী ১২ আগষ্ট ২০১৯ আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ২৩-০৭-২০১৯ তারিখে বা তার পরে কিন্তু ঈদুল আযহা অনুষ্ঠানের পূর্বে বোনাস প্রদানের তারিখে প্রাপ্য মূল বেতনের সমান অর্থ সাধারণ বোনাস (উৎসব বোনাস) হিসেবে প্রদেয় হবে। অন্যান্য ধর্মাবলম্বী কর্মকর্তা-কর্মচারীগণকে তাদের নিজ নিজ ধর্মীয় মূল উৎসব অনুষ্ঠানের ২০ (বিশ) দিনের মধ্যে যে কোন তারিখে সাধারণ বোনাস (উৎসব বোনাস) প্রদান করা যাবে।

০৭। নবনিযুক্ত কর্মকর্তা-কর্মচারীগণকে ঈদ-উল-আযহা অনুষ্ঠানের পূর্বে যোগদান করলেও সাধারণ বোনাস প্রদান করা যাবে। যে মাসে উৎসব অনুষ্ঠিত হবে, সে মাসে যোগদানকৃত কর্মকর্তা-কর্মচারীগণ উৎসব অনুষ্ঠানের তারিখ পর্যন্ত মূল বেতনের ভিত্তিতে উৎসব ভাতা প্রাপ্য হবেন। যদি কোন কর্মকর্তা-কর্মচারী উৎসব অনুষ্ঠিত মাসের পূর্ব মাসে যোগদান করে থাকেন এবং পূর্ব মাসের পুরো মাসের বেতন আহরণ না করে থাকেন, তবে সে ক্ষেত্রে পূর্ব মাসের যত দিনের বেতন আহরণ করেছেন শুধুমাত্র ততদিনের বেতনই উৎসব ভাতা হিসাবে প্রাপ্য হবেন। তবে যে ক্ষেত্রে পূর্ব মাসে আহরিত বেতন এবং যে মাসে উৎসব অনুষ্ঠিত হবে সে মাসের প্রথম দিন থেকে উৎসবের দিন পর্যন্ত প্রাপ্য মূল বেতন, এ দুয়ের মধ্যে যেটি অধিক হবে, সেটি প্রাপ্য হবেন।

০৮। মুসলমান ব্যতীত অন্যান্য ধর্মাবলম্বী কর্মকর্তা-কর্মচারীগণ মুসলমান কর্মকর্তা-কর্মচারীদের ন্যায় ২(দুই) ঈদ উৎসবের প্রাক্কালে সাধারণ বোনাস গ্রহণ করতে চাইলে সে মর্মে স্ব স্ব ডিসবার্সিং কর্মকর্তার নিকট লিখিতভাবে অপশন জানাবেন। এরূপ অপশনের প্রেক্ষিতে সাধারণ বোনাস প্রদান করা হলে তাদেরকে পুনরায় তাদের নিজ ধর্মীয় উৎসবের প্রাক্কালে বোনাস প্রদান করা যাবে না।

অনুমোদনক্রমে-

১৭/০৭/২০১৯

(মোঃ আব্দুর রহিম)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-১৫/২০১৯-২০২০/ ১২৪ (৪৫০) তারিখ : ১৭-০৭-২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (সার্কুলারটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১১। সহকারী মহাব্যবস্থাপক (উপ-মহাব্যবস্থাপক এর দায়িত্বে), রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১২। ব্যবস্থাপক(সমন্বয়), রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। উপ-প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, ডিপিও, বগুড়া।
১৫। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৬। অফিস নথি।

১৭/০৭/১৯

(মোঃ কামরুজ্জামান কাদরী)
সহকারী মহাব্যবস্থাপক